

শিক্ষকদের কোন ক্ষতি হতে দেব না : মিলন

শিক্ষা প্রতিমন্ত্রী আনম এছানুল হক মিলন বলেছেন, শিক্ষা মন্ত্রণালয় থাকাকালীন শিক্ষকদের কোন ক্ষতি হতে দেব না। তাদের অসুখেলায় ছেঁয়রানি করে জাতির মেরামত সোজা রাখা যাবে না। মানুষ পড়ার কারিগর শিক্ষকদের মর্যাদা ফিরিয়ে দিতে : পৃষ্ঠা ১৫ : কলাম ৪

ক্ষতি : শিক্ষকদের (শিব গুজর পর)

শিক্ষা প্রতিমন্ত্রী বঙ্গপরিকর। শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, আজকের ছাত্ররাই আগামী দিনে দেশের নেতৃত্ব দেবে। নকলপ্রকরণ শিক্ষা ব্যবস্থার পান করা ছাত্রের জাতির নেতৃত্বে এলে তারা জাতিতে ভুল পথে নিয়ে যাবে। আমরা পরীক্ষায় নকলের সুযোগ দিতে চাই না, নকল মানুষও তৈরি করব না।

গড়কাল বওড়ার শহীদ রাউপতি জিয়াউর রহমান জাতীয় শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা ইনস্টিটিউটে আয়োজিত সেমিনারে রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ অধ্যক্ষদের উদ্দেশ্যে তিনি এ কথা বলেন। পোলাম মোঃ সিরাজ এমপি নকলমুক্ত পরিবেশে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠান শীর্ষক সেমিনারে সভাপতিত্ব করেন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, আবদুল বসিন ডালুকদার যেকন এমপি, জেলা প্রশাসক রফিকুল মোহাম্মদ, বিএনপি বওড়া জেলা সাধারণ সম্পাদক ফজলুল বাবী ডালুকদার বেলাল, রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ নজরুল ইসলাম এবং বিভিন্ন কলেজের অধ্যক্ষরা।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানে শিক্ষকদের পূর্ণ নিরাপত্তা দেয়া হবে এবং শিক্ষকদের উপযুক্ত মর্যাদা দেয়া হবে। তিনি বলেন, একটি সমৃদ্ধিশালী জাতি গড়তে হলে নকলমুক্ত অবস্থায় কৃতকার্য হওয়া প্রকৃত শিক্ষিতদের নেতৃত্ব প্রয়োজন। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষা খাতে সবচেয়ে বেশি বাজেট প্রদান করেছেন। তিনি মহিলাদের দ্বিতীয় পর্যায় লেখাপড়া ফ্রি করার সিদ্ধান্ত নিয়েছেন। এ প্রসঙ্গে তিনি আরও বলেন, আমরা কর্মমুখী শিক্ষানীতি প্রণয়ন করব যেন অর্জিত জ্ঞান কর্মসংস্থান বৃদ্ধিতে কাজে লাগতে পারে। তথা বিবরণী।